# হাই-টেক পার্ক - বিনিয়োগ ও কর্মসংস্থানের সম্ভাবনার দ্বার

বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ হাই-টেক/আইটি/আইটিইএস শিল্পের বিকাশ ও বিস্তার, দেশি বিদেশি বিনিয়োগ আকর্ষ ণ, বিপুল কর্মসংস্থান সৃষ্টি ও দক্ষ মানবসম্পদ উন্নয়নের লক্ষ্যে সারা দেশে বিভিন্ন স্থানে হাই-টেক পার্ক, সফটওয়্যার টেকনোলজি পার্ক , আইটি ট্রেনিং এন্ড ইনকিউবেশন সেন্টার স্থাপন করছে। উক্ত পার্কসমূহে বিভিন্ন ধরণের হাই-টেক শিল্প ও ব্যবসা যেমন- জ্ঞান ও পুঁজি নির্ভর , পরিবেশ বান্ধব ইনফরমেশন টেকনোলজি , সফটওয়্যার টেকনোলজি, বায়ো-টেকনোলজি, রিনিউএবল এনার্জি, গ্রিন টেকনোলজি, আইটি হার্ডওয়্যার, আইটিইএস এবং রিসার্চ এন্ড ডেভেলপমেন্ট ইত্যাদি শিল্প স্থাপন ও পরিচালনার সুযোগ রয়েছে।

**উল্লেখযোগ্য পার্কসমূহের সংক্ষিপ্ত তথ্যাদিঃ**

| ক্রমিক | পার্কের নাম ও সংক্ষিপ্ত তথ্যাদি | | ছবি |
|---|---|---|---|
| ১ | **বঙ্গবন্ধু হাই-টেক সিটি, কালিয়াকৈর** | |  |
| | জমির পরিমানঃ | ৩৫৫ একর | |
| | অবস্থানঃ | কালিয়াকৈর উপজেলা, গাজীপুর | |
| | | ঢাকা থেকে ৪০ কিলোমিটার উত্তরে | |
| | | শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর থেকে ২৫ কিলোমিটার দূরে। | |
| | ঢাকা থেকে ভ্রমণ সময়ঃ | সড়ক পথে ১.৩০ ঘন্টা;<br>রেলপথে ১ ঘন্টা;<br>হেলিকপ্টার যোগে ১৫ মিনিট | |
| | বিদ্যমান স্থাপনাঃ | ফ্যাক্টরি বিল্ডিং (৫৮,৯৬০ বর্গফুট), ইন্ডাস্ট্রিয়াল (সিগ্নেচার) বিল্ডিং (১,৫৩,১৮৫ বর্গফুট), ইন্ডাস্ট্রিয়াল (সোলারিজ) বিল্ডিং (২,০০,০০০ বর্গফুট), ইন্ডাস্ট্রিয়াল বিল্ডিং (২৫,০০০ বর্গফুট), প্রশাসনিক ভবন (৩ তলা), সেবা ভবন (২ তলা), ও ফোর টায়ার ডাটা সেন্টার | |
| | কর্মসংস্থান লক্ষমাত্রাঃ | ১,০০,০০০ (এক লক্ষ) |  |
| | পার্ক উন্নয়নকারীঃ | ক) বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ | |
| | | খ) পার্ক ডেভেলপার এবং বিনিয়োগকারী প্রতিষ্ঠান | |
| | বর্তমানে বিনিয়োগকারী প্রতিষ্ঠানের সংখ্যাঃ | ২৫ টি | |
| | ভাড়ার হার | প্রতি বর্গফুট রেডি স্পেস ৩০-৫০ টাকা প্রতি মাস;<br>প্রতি বর্গমিটার ভূমি ৪-৫ মার্কিন ডলার প্রতি বছর; | |

| ক্রমিক | পার্কের নাম ও সংক্ষিপ্ত তথ্যাদি | | ছবি |
|---|---|---|---|
| ২ | **শেখ হাসিনা সফটওয়্যার টেকনোলোজি পার্ক যশোর** | |  |
| | জমির পরিমানঃ | ১২.১৩ একর | |
| | অবস্থানঃ | সদর উপজেলা, যশোর | |
| | | যশোর শহরের কেন্দ্র থেকে ২.৪ কিঃমিঃ পূর্বে | |
| | | যশোর বিমানবন্দর থেকে ৮ কিলোমিটার দূরে। | |
| | ঢাকা থেকে ভ্রমণ সময়ঃ | সড়ক পথে ৬ ঘন্টা;<br>রেলপথে ৮ ঘন্টা;<br>বিমানপথে ৩০ মিনিট | |
| | বিদ্যমান স্থাপনা | ১৫ তলা মাল্টি ট্যানেন্ট ভবন (২,৩২,০০০ বর্গফুট);<br>১২ তলা ডরমিটরি ভবন (৯৮,০০০ বর্গফুট);<br>৩ তলা ক্যান্টিন ও এমফিথিয়েটার ভবন। | |
| | কর্মসংস্থান লক্ষমাত্রাঃ | ৫,০০০ (পাঁচ হাজার) | |
| | পার্ক উন্নয়নকারীঃ | বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ | |
| | পার্ক ব্যবস্থাপনাকারী | প্রোজেক্ট ম্যানেজমেন্ট কোম্পানী | |
| | বিনিয়োগকারী/উদ্যোক্তার সংখ্যাঃ | ৪৮ টি | |
| | ভাড়ার হার | রেডি স্পেস প্রতি বর্গফুট ১০ টাকা প্রতি মাস;<br>সার্ভিস চার্জ প্রতি বর্গফুট ২ টাকা প্রতি মাস;<br>(২ বছর পর পর ভাড়া বৃদ্ধি পাবে) | |

| ক্রমিক | পার্কের নাম ও সংক্ষিপ্ত তথ্যাদি | | ছবি |
|---|---|---|---|
| ৩ | **জনতা টাওয়ার সফটওয়্যার টেকনোলোজি পার্ক ঢাকা** | |  |
| | অবস্থানঃ | কাওরান বাজার, ঢাকা | |
| | | ঢাকা জিরো পয়েন্ট থেকে ৫.৪ কিঃমিঃ উত্তরে | |
| | | হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর থেকে ১৪ কিলোমিটার দূরে। | |
| | বিদ্যমান স্থাপনা | ১২ তলা ভবন (৭২,০০০ বর্গফুট) | |
| | বর্তমান কর্মসংস্থানঃ | ৮৭০ (আটশত সত্তর) | |
| | পার্ক উন্নয়ন ও ব্যবস্থাপনা | বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ | |
| | বিনিয়োগকারী/ উদ্যোক্তার সংখ্যাঃ | ১৮ টি<br>+ ১৩ টি স্টার্ট আপ কোম্পানী | |
| | ভাড়ার হার | রেডি স্পেস প্রতি বর্গফুট ৩০ টাকা প্রতি মাস;<br>সার্ভিস চার্জ প্রতি বর্গফুট ৫ টাকা প্রতি মাস;<br>(৩ বছর পর পর ভাড়া বৃদ্ধি পাবে) | |

| ক্রমিক | পার্কের নাম ও সংক্ষিপ্ত তথ্যাদি | | ছবি |
|---|---|---|---|
| ৪ | **বঙ্গবন্ধু শেখ মুজিব হাইটেক পার্ক, রাজশাহী** (নির্মাণাধীন) | |  |
| | জমির পরিমানঃ | ৩০.৬৭ একর | |
| | অবস্থানঃ | রাজশাহী সিটি কর্পোরেশন এলাকা | |
| | | রাজশাহী শহরের জিরো পয়েন্ট থেকে ৩ কিঃমিঃ পশ্চিমে | |
| | | হযরত শাহমখদুম বিমানবন্দর থেকে ৮ কিলোমিটার দূরে। | |
| | ঢাকা থেকে ভ্রমণ সময়ঃ | সড়ক পথে ৬ ঘন্টা;<br>রেলপথে ৬ ঘন্টা;<br>বিমানপথে ৩০ মিনিট | |
| | স্থাপনা (নির্মাণাধীন): | ১০ তলা মাল্টি ট্যানেন্ট ভবন (২,৭০,০০০ বর্গফুট),<br>৮ তলা ডরমিটরি ভবন (৮৭,২৬৫ বর্গফুট); | |
| | কর্মসংস্থান লক্ষমাত্রাঃ | ১৪,০০০ (চৌদ্দ হাজার) | |
| | পার্ক উন্নয়ন ও ব্যবস্থাপনা | বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ | |
| | প্রশিক্ষণ লক্ষ্যমাত্রা (প্রকল্পের আওতায়): | ৩৩৩৭ জন। | |

| ক্রমিক | পার্কের নাম ও সংক্ষিপ্ত তথ্যাদি | | ছবি |
|---|---|---|---|
| ৫ | **হাই-টেক পার্ক, সিলেট (সিলেট ইলেকট্রনিক্স সিটি)** (নির্মাণাধীন) | |  |
| | জমির পরিমানঃ | ১৬২.৮৩ একর | |
| | অবস্থানঃ | কোম্পানীগঞ্জ, সিলেট | |
| | | সিলেট শহরের কেন্দ্র থেকে ২২ কিঃমিঃ উত্তরে | |
| | | ওসমানী আন্তর্জাতিক বিমানবন্দর থেকে ১৮ কিলোমিটার দূরে। | |
| | ঢাকা থেকে ভ্রমণ সময়ঃ | সড়ক পথে ৬ ঘন্টা;<br>রেলপথে ৬ ঘন্টা;<br>বিমানপথে ৩০ মিনিট | |
| | স্থাপনা (নির্মানাধীন): | ৩ তলা প্রসাশনিক ভবন (৩১০৭৭ বর্গফুট) | |
| | কর্মসংস্থান লক্ষমাত্রাঃ | ৫০,০০০ (পঞ্চাশ হাজার) | |
| | পার্ক উন্নয়ন ও ব্যবস্থাপনা | বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ | |
| | ভাড়ার হার | প্রতি বর্গমিটার ভূমি ১.৫ মার্কিন ডলার প্রতি বছর; | |

| ক্রমিক | পার্কের নাম ও সংক্ষিপ্ত তথ্যাদি | | ছবি |
|---|---|---|---|
| ৬ | **শেখ কামাল আইটি ট্রেনিং এন্ড ইনকিউবেটর সেন্টার নাটোর** | |  |
| | জমির পরিমানঃ | ১.২৩৯ একর | |
| | অবস্থানঃ | নাটোর সদর | |
| | | নাটোর শহরের কেন্দ্র থেকে ০.৫ কিঃমিঃ | |
| | ঢাকা থেকে ভ্রমণ সময়ঃ | সড়ক পথে ৫ ঘন্টা;<br>রেলপথে ৫ ঘন্টা; | |
| | বিদ্যমান স্থাপনাঃ | ২ তলা ইনকিউবেশন ভবন (১০,০০০ বর্গফুট), প্রশিক্ষণ ভবন ২টি (১৪০০ বর্গফুট) | |
| | বর্তমান কর্মসংস্থানঃ | ৭৯৯ জন। | |
| | পার্ক উন্নয়ন ও ব্যবস্থাপনা | বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ | |
| | প্রশিক্ষণ (কর্মসূচীর আওতায়): | ৪৮০ জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। | |

| ক্রমিক | পার্কের নাম ও সংক্ষিপ্ত তথ্যাদি | | ছবি |
|---|---|---|---|
| ৭ | শেখ কামাল আইটি ট্রেনিং এন্ড ইনকিউবেশন সেন্টার (নির্মাণাধীন) | |  |
| | সিলেট (কোম্পানীগঞ্জ) | প্রতিটিতে ৬ তলা ভবন (৩৫,৫৪০ বর্গফুট)<br><br>প্রশিক্ষণ লক্ষ্যমাত্রাঃ ১৫,০০০ জন ( এসএসসি ও এইচএসসি সমমানের ছাত্র-ছাত্রীদের জন্য)।<br>৩১০০ জনের প্রশিক্ষণ চলমান। | |
| | নাটোর (সিংড়া) | | |
| | নেত্রকোনা (সদর) | | |
| | বরিশাল (সদর) | | |
| | মাগুরা (সদর) | | |
| | কুমিল্লা (লালমাই) | | |
| | চট্টগ্রাম (সিটি কর্পোরেশন) | | |

| ক্রমিক | পার্কের নাম ও সংক্ষিপ্ত তথ্যাদি | | ছবি |
|---|---|---|---|
| ৮ | **জেলা পর্যায়ে আইটি/হাই-টেক পার্ক (১২ টি জেলায়)** (নির্মাণাধীন) | |  |
| | রংপুর (সদর) | প্রতিটিতে ৭ তলা মাল্টিট্যানেন্ট ভবন (১,০৫,০০০ বর্গফুট);<br>৩ তলা ক্যান্টিন ও অ্যাম্ফিথিয়েটার ভবন (২১,০০০ বর্গফুট)।<br><br>কর্মসংস্থান লক্ষমাত্রাঃ ৬০,০০০ (ষাট হাজার)<br><br>প্রশিক্ষণ লক্ষ্যমাত্রাঃ ৩০ হাজার এবং ১০০ জনকে উচ্চতর প্রশিক্ষণ (AI, IOT, Machine Learning, Cyber security, Data Science) দেওয়া হবে। | |
| | নাটোর (সিংড়া) | | |
| | খুলনা | | |
| | বরিশাল (সদর) | | |
| | ঢাকা (কেরানীগঞ্জ) | | |
| | গোপালগঞ্জ (বশেমুরবিপ্রবি) | | |
| | ময়মনসিংহ (সদর) | | |
| | জামালপুর (সদর) | | |
| | কুমিল্লা (সদর দক্ষিণ) | | |
| | চট্টগ্রাম (সদর) | | |
| | কক্সবাজার (রামু) | | |
| | সিলেট (কোম্পানীগঞ্জ) | | |

| ক্রমিক | পার্কের নাম ও সংক্ষিপ্ত তথ্যাদি | | ছবি |
|---|---|---|---|
| ৯ | **আইটি বিজনেস ইনকিউবেটর চুয়েট** (নির্মাণাধীন) | |  |
| | জমির পরিমানঃ | ৪.৭০ একর | |
| | অবস্থানঃ | চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (চুয়েট) | |
| | | চট্টগ্রাম রেল স্টেশন থেকে ২৭.১কিঃমিঃ | |
| | | চট্টগ্রাম বন্দর থেকে ২৯.৮ কিঃ মিঃ | |
| | | হযরত শাহ আমানত আন্তর্জাতিক বিমানবন্দর থেকে ৪২.৯ কিঃ মিঃ। | |
| | ঢাকা থেকে ভ্রমণ সময়ঃ | সড়ক পথে ৬ ঘন্টা;<br>রেলপথে ৬ ঘন্টা;<br>বিমানপথে ৩০ মিনিট | |
| | স্থাপনা নির্মাণাধীনঃ | ১০ তলা ইনকিউবেশন ভবন (৫০,০০০ বর্গফুট), ৪ তলা ডরমিটরি ২টি (২×২০,০০০ বর্গফুট), ৬ তলা প্রশিক্ষণ ভবন (৩৬,০০০ বর্গফুট) | |
| | কর্মসংস্থান লক্ষমাত্রাঃ | ইনোভেশন ও উদ্যোক্তা তৈরীর মাধ্যমে কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে ইকোসিস্টেম তৈরীকরণ | |
| | পার্ক উন্নয়নঃ | বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ | |
| | ব্যবস্থাপনাঃ | চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (চুয়েট) এবং বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ | |
| | প্রশিক্ষণ লক্ষ্যমাত্রা (প্রকল্পের আওতায়): | ২০০ জন। | |

| ক্রমিক | পার্কেরনাম ও সংক্ষিপ্ততথ্যাদি | | ছবি |
|---|---|---|---|
| ১০ | **বঙ্গবন্ধু শেখ মুজিব হাইটেক পার্ক, রাজশাহীতে আইসিটি ইনকুবেটর কাম ট্রেনিং সেন্টার** (নির্মাণাধীন) | |  |
| | বঙ্গবন্ধু শেখ মুজিব হাই-টেক পার্ক, রাজশাহী | ৭২ হাজার বর্গফুটের একটি ৫ তলা ভবন তৈরী করা হচ্ছে যা আগামী জুন/২০১৯ এর মধ্যে সমাপ্ত হবে।<br>এ ভবনে স্টার্ট আপ কোম্পানীদের জন্য বিনামূলে অবকাঠামোগত সুবিধা দেয়া হবে।<br>এছাড়াও নিয়মিত বিনিয়োগকারীদের জন্যও স্পেস বরাদ্দের সুযোগ থাকবে।<br>দক্ষ মানব সম্পদ তৈরীর জন্য এখানে একটি ট্রেনিং সেন্টার স্থাপন করা হবে। | |

| | | | |
|---|---|---|---|
| ১১ | **প্রকৌশল ও প্রযুক্তি খুলনাতে আইসিটি ইনকুবেটর কাম ট্রেনিং সেন্টার**<br>(নির্মাণাধীন) | |  |
| | খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, | ৭২ হাজার বর্গফুটের একটি ৫ তলা ভবন তৈরী করা হচ্ছে যা আগামী অক্টোবর/২০১৯ এর মধ্যে সমাপ্ত হবে।<br><br>এ ভবনে স্টার্ট আপ কোম্পানীদের জন্য বিনামূলে অবকাঠামোগত সুবিধা দেয়া হবে।<br>এছাড়াও নিয়মিত বিনিয়োগকারীদের জন্যও স্পেস<br>দক্ষ মানব সম্পদ তৈরীর জন্য এখানে একটি ট্রেনিং সেন্টার স্থাপন করা হবে।<br><br>এ ভবনে মূলত বিশ্ববিদ্যালয় কেন্দ্রিক গবেষণা এবং গবেষণা লব্ধ প্রযুক্তি জ্ঞানকে কমার্শিয়ালাইজেশন করার জন্য বিভিন্ন সুযোগ তৈরী করা হবে। | |

## স্টার্ট আপ

হাই-টেক/তথ্য প্রযুক্তি শিল্পে নতুন উদ্যোক্তা সৃষ্টির লক্ষ্যে প্রতিটি পার্কে একটি ফ্লোর এর সংস্থান রাখা হয়েছে। যেখানে স্টার্ট আপ কোম্পানী/ব্যক্তিদের জন্য বিনামূল্যে স্পেস বরাদ্দ প্রদান করা হচ্ছে। এছাড়াও, স্টার্ট আপ উন্নয়নের জন্য মেন্টরশিপ সেবাসহ বিভিন্ন বিনিয়োগকারী ও অর্থায়নকারী প্রতিষ্ঠানের সাথে সম্পর্ক স্থাপনে সহায়তা প্রদান করা হচ্ছে।

# হাই-টেক পার্কে দেশি-বিদেশি বিনিয়োগকারীদের জন্য বিশেষ প্রনোদনাসমূহ

- পার্ক ডেভেলপারের জন্য ১২ বছর পর্যন্ত পর্যায় ভিত্তিক আয়কর অব্যাহতি;
- আইটি/আইটিইএস কোম্পানীসমূহের জন্য ১০ বছর পর্যন্ত পর্যায়ভিত্তিক আয়কর অব্যাহতি;
- স্থানীয়ভাবে এটিএম মেশিন ও সিসি ক্যামেরা উৎপাদনের জন্য শুল্ক অব্যাহতি;
- প্রত্যেকটি হাই-টেক পার্ক বন্ডেড ওয়্যার হাউজ হিসেবে বিবেচিত হবে;
- বিনিয়োগকারীদের জন্য ডিভিডেন্ট, শেয়ার ট্রান্সফার, রয়েলটি এবং কারিগরি ফি এর ক্ষেত্রে আয়কর অব্যাহতি;
- বৈদেশিক প্রকর্মী নিয়োগের ক্ষেত্রে আয়ের উপর পর্যায়ক্রমিক আয়কর অব্যাহতি;
- ডেভেলপারদের জন্য মুনাফার উপর আয়কর অব্যাহতি;
- বিনিয়োগকারীদের উৎপাদন পর্যায়ে মূসক অব্যাহতি;
- বিনিয়োগকারীদের মূলধনী যন্ত্রপাতি এবং নির্মাণ সামগ্রী আমদানীর ক্ষেত্রে শূল্ক অব্যাহতি;
- ডেভেলপারদের জন্য নির্মাণ সামগ্রী আমদানীর ক্ষেত্রে শূল্ক অব্যাহতি;
- বিনিয়োগকারীদের যানবাহন আমদানীর ক্ষেত্রে শূল্ক অব্যাহতি;
- ভূমি/ স্পেস বরাদ্দের ইজারা দলিল/ বন্ধকি দলিল সম্পাদনের ক্ষেত্রে স্ট্যাম্প ডিউটি অব্যাহতি;

## ওয়ান স্টপ সার্ভিস

হাই-টেক পার্কে দেশি-বিদেশি বিনিয়োগকারীদের বিনিয়োগ সংশ্লিষ্ট সকল সেবা দ্রুত নিশ্চিতকরণের স্বার্থে ওয়ান স্টপ সার্ভিস সেন্টার স্থাপন এবং অনলাইনে সেবা প্রদানের জন্য ওয়ান স্টপ সার্ভিস পোর্টাল ( https://ossbhtpa.org/) তৈরী করা হয়েছে। বর্তমানে ১৪৮টি সেবা চিহ্নিত করা হয়েছে, তন্মদ্ধে ০৭ টি সেবা অনলাইনের মাধ্যমে প্রদান করা হচ্ছে। পর্যায়ক্রমে অন্যান্য সেবাসমূহ পোর্টালে অন্তর্ভূক্ত করা হবে।

## আন্তর্জাতিক স্বীকৃতি **(ISO Certified)**

বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষের অর্জন ও সাফল্য বিবেচনায় গত ২৫/০২/২০১৯ খ্রি: তারিখে আন্তর্জাতিক ISO 9001:2015 সার্টিফাইড হয়েছে। বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ সকল কাজে ও সেবা প্রদানের ক্ষেত্রে আন্তর্জাতিক মান রক্ষা করছে বিধায় দেশি-বিদেশি বিনিয়োগকারীরা বিভিন্ন পার্কে বিনিয়োগে আকৃষ্ট হচ্ছে।

## ডিজিটাল বাংলাদেশ **সম্মাননা-২০১৮**

উচ্চ প্রযুক্তিসহ তথ্য ও যোগাযোগ প্রযুক্তির বিকাশে অসামান্য অবদান, মানবসম্পদ উন্নয়ন, কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি, দেশি-বিদেশি বিনিয়োগকারীদের আকৃষ্টকরণে অবদান রাখায় বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষকে ২০১৮ সালে জাতীয় ডিজিটাল দিবসে ডিজিটাল বাংলাদেশ সম্মাননা-২০১৮ প্রদান করা হয়।